# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২০০

৩০/ ফিতনা-ফ্যাসাদ (كتاب الفتن والملاحم)

পরিচ্ছেদঃ ১. ফিতনা ফ্যাসাদের উল্লেখ এবং এর নিদর্শনাবলী।

باب ذِكْرِ الْفِتَنِ وَدَلاَئِلِهَا

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا عِيسَى بْنُ يُونُسَ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنْ زَيْدِ بْنِ وَهْبٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَبْدِ رَبِّ الْكَعْبَةِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ " مَنْ بَايَعَ إِمَامًا فَأَعْطَاهُ صَفْقَةَ يَدِهِ وَثَمَرَةَ قَلْبِهِ فَلْيُطِعْهُ مَا اسْتَطَاعَ فَإِنْ جَاءَ آخَرُ يُنَازِعُهُ فَاضْرِبُوا رَقَبَةَ الآخَرِ " . قُلْتُ أَنْتَ سَمِعْتَ هَذَا مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ سَمِعَتْهُ أُذُنَاى وَوَعَاهُ قَلْبِي . قُلْتُ هَذَا ابْنُ عَمِّكَ مُعَاوِيَةُ يَأْمُرُنَا أَنْ نَفْعَلَ وَنَفْعَلَ . قَالَ أَطِعْهُ فِي طَاعَةِ اللَّهِ وَاعْصِهِ فِي مَعْصِيَةِ اللَّهِ .

বাংলা

৪২০০. মুসাদ্দাদ (রহঃ) ..... আবদুল্লাহ্‌ ইব্‌ন আমর (রাঃ) থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি কোন ইমামের নিকট বায়আত গ্রহণ করে, তার উচিত, সাধ্যমত তার আনুগত্য করা। এ সময় যদি অন্য কোন নেতা এসে তাঁর সাথে ঝগড়া শুরু করে দেয়, তবে তাকে হত্যা করবে।

রাবী আবদুর রাহমান (রহঃ) বলেনঃ তখন আমি তাঁকে জিজ্ঞাসা করিঃ তুমি কি ইহা রাসূলুল্লাহ্‌ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট থেকে শুনেছ? তিনি বলেনঃ অবশ্যই আমার দু'টি কান তা শ্রবণ করেছে এবং আমার অন্তর তা হিফাজত করেছে।

রাবী বলেন, আমি বলিঃ তোমার এই চাচার ছেলে মুআবিয়া আমাদের এরূপ-এরূপ করতে বলে? (অর্থাৎ সে আলী (রাঃ)-এর বিরুদ্ধে যুদ্ধ করতে বলে।) তিনি বলেনঃ সে যেখানে আল্লাহ্‌র আনুগত্য করে, সেখানে তার আনুগত্য করবে এবং সে যেখানে আল্লাহ্‌র নাফরমানী করে, সেখানে তার আনুগত্য করবে না।

## English

Narrated Abdullah b. 'Amr:

The Prophet (ﷺ) as saying: If a man takes an oath of allegiance to a leader, and puts his hand on his hand and does it with the sincerity of his heart, he should obey him as much as possible. If another man comes and contests him, then behead the other one. The narrator 'Abd al-Rahman said: I asked: Have you heard this from the Messenger of Allah ? He said: My ears heard it and my heart retained it. I said: Your cousin Mu'awiyah orders us that we should do this and do that. He replied: Obey him in the acts of obedience to Allah, and disobey him in the acts of disobedience to Allah.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=36306

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন